

## 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১৪০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮০]

৪. কিতাবুল অযু (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ যারা পেশাব পায়খানার রাস্তা দিয়ে নির্গত বস্তু ব্যতীত অন্য কিছুকে অযু ভঙ্গের কারণ মনে করেন না

আরবী

الله عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ: أَنَّ رَسُولَ اللَّهِ أَرْسَلَ إِلَى رَجُلٍ مِنَ الأَنْصَارِ، فَجَاءَ وَرَأْسُهُ يَقْطُرُ، فَقَالَ اللَّهِ إِذَا أُعْجِلْتَ أَقْ قَالَ: نَعَمْ، فَقَالَ رَسُولُ اللَّهِ إِذَا أُعْجِلْتَ أَقْ قُحِطْتَ فَعَلَيْكَ الْوُضُوءُ.

বাংলা

১৪০) আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একজন আনসারী সাহাবীকে ডেকে পাঠালেন। আনসারী যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর দরবারে উপস্থিত হলেন তখন তাঁর মাথার চুল থেকে পানি ঝরছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে বললেনঃ সম্ভবতঃ আমরা তোমাকে তাড়াহুড়ার মধ্যে ফেলে দিয়েছি। উত্তরে তিনি বললেনঃ হ্যাঁ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তখন বললেনঃ যখন তোমাকে তাড়াহুড়ার মধ্যে ফেলে দেয়া হয় কিংবা বীর্যপাত না হয় তখন তোমার উপর শুধু অযু করা আবশ্যক।

টিকাঃ উপরোক্ত হাদীছ দু'টি অন্যান্য হাদীছের মাধ্যমে মানসুখ তথা রহিত হয়ে গেছে। যেখানে বলা হয়েছে যে, স্বামী-স্ত্রী পরস্পর যৌন ক্রিয়ায় মিলিত হলেই গোসল আবশ্যক হবে। অর্থাৎ পুরুষাঙ্গের অগ্রভাগ স্ত্রীর যৌনাঙ্গে প্রবেশ করলেই গোসল আবশ্যক হবে। বীর্যপাত হোক বা না হোক।

## **English**

Whosoever considers not to repeat ablution except if something is discharged or passed from exit (front or back private parts)

Narrated Abu Sa`id Al-Khudri:

Allah's Messenger (ﷺ) sent for a Ansari man who came with water dropping from his head. The Prophet (ﷺ) said, "Perhaps we have forced you to hurry



up, haven't we?" The Ansari replied, "Yes." Allah's Messenger (ﷺ) further said, "If you are forced to hurry up (during intercourse) or you do not discharge then ablution is due on you (This order was canceled later on, i.e. one has to take a bath).

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ১৮০

ইসলামিক সেন্টারঃ ১৭৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন